



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০৪২.২১.১৭৩

তারিখ: ৩০ চৈত্র ১৪২৮

১৩ এপ্রিল ২০২২

**বিষয়: তদন্ত প্রতিবেদনের আলোকে ব্যবস্থা গ্রহণ**

জামালপুর জেলার ভাটারা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতির স্বাক্ষর জাল করার অভিযোগ তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ করেন।

আবেদনের বর্ণনা: জামালপুর জেলার ভাটারা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি জানান যে, তার স্বাক্ষর স্ক্যানের মাধ্যমে জালিয়াতি করে প্রভাষক মিলি রানী দত্তসহ অন্যান্য প্রভাষকদের উচ্চতর স্কেলে বেতন নির্ধারণের আবেদনপত্র মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকায় প্রেরণ করা হয়েছে। উক্ত বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন করেন।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়টি সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিল করার জন্য উপপরিচালক (কলেজ) ও সহকারী পরিচালক (কলেজ), মাউশি, আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা প্রতিবেদন দাখিল করেন।

**সার্বিক মন্তব্য: -**

তদন্ত কর্মকর্তাদের মতামত অনুযায়ী জামালপুর জেলার সরিষাবাড়ী উপজেলাধীন ভাটারা উচ্চ বিদ্যালয়ের সভাপতির স্বাক্ষর স্কেন করে জালিয়াতির মাধ্যমে ৬ জন পদোন্নতি প্রত্যাশীদের আবেদন পত্রে সংযুক্ত হয়েছে- এটা নিঃসন্দেহে প্রমাণিত। কলেজের পাসওয়ার্ড বাহিরে কম্পিউটার দোকানে দেওয়াটাও সঠিক হয়নি যা সভাপতির স্বাক্ষর স্কেন করার বিষয়টি ঘটেছে বলে প্রতীয়মান।

**সুপারিশসমূহ:**

- ১। সভাপতির স্বাক্ষর অনুমতি ব্যতীত স্কেন করে কেন ব্যবহার করেছেন, সে বিষয়ে কারণ দর্শানোর নোটিশ জারি করে জবাব গ্রহণস্বাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।
- ২। প্রতিষ্ঠানের ব্যবহারের জন্য ইউজার আইডি এবং পাসওয়ার্ড গোপন না রেখে কম্পিউটার দোকানে দিয়ে দিয়েছেন কেন? জবাব চাওয়া যেতে পারে।
- ৩। অধ্যক্ষ হিসেবে তাঁর অদক্ষতা ও মুর্থতা প্রকাশ পায়। কাজেই অধ্যক্ষ মহোদয়কে অধিকতর দক্ষ ও প্রশিক্ষিত হতে হবে। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।
- ৪। পরবর্তীতে যাতে এ ধরনের ঘটনা না ঘটে সে বিষয়ে সতর্ক থাকার জন্য বলা যেতে পারে।
- ৫। এমপিও আবেদন ও অন্যান্য কম্পিউটারভিত্তিক কাজের ব্যাপারে কম্পিউটার/আইসিটি শিক্ষককেই জড়িত করা উচিত। এমতাবস্থায় বর্ণিত বিষয়ে কমিটির প্রতিবেদনের পর্যালোচনা ও মতামত বিশ্লেষণপূর্বক তিন কর্ম দিবসের মধ্যে জবাব প্রেরণের জন্য কলেজ অধ্যক্ষকে পত্র দেয়া যেতে পারে। একই বিষয়ে কলেজ গভর্নিং বডি এর সভাপতিকে তিন কর্ম দিবসের মধ্যে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৯১৫৩৪

১৩-৪-২০২২

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক

বিতরণ :

১) সভাপতি, পরিচালনা পরিষদ, ভাটরা উচ্চ মাধ্যমিক  
বিদ্যালয়, জামালপুর (মতামত প্রদানের জন্য)।।

২) অধ্যক্ষ, ভাটরা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, জামালপুর  
(ব্যখ্যা প্রদানের জন্য)।।